যুদের পত্র

[১] আমি যীশুখ্রীষ্টের দাস, যাকোবের ভাই যুদ। যারা পিতা ঈশ্বরের ভালবাসার পাত্র ও যীশুখ্রীষ্টের
জন্য সংরক্ষিত, সেই আহূতজনদের সমীপে: [২] দয়া, শান্তি ও ভালবাসা প্রচুর মাত্রায় তোমাদের
উপর বর্ষিত হোক।

নকল শিক্ষাগুরুরা ইতিমধ্যেই বিচারাধীন

[৩] প্রিয়জনেরা, আমার বড়ই আকাঙ্ক্ষা ছিল, আমাদের সকলের পরিত্রাণ প্রসঙ্গে তোমাদের কাছে
কিছু লিখব; কিন্তু অনুভব করলাম, তোমাদের উৎসাহিত করার জন্য এই বিষয়ে কিছুটা লেখা
আমার কর্তব্য, তথা, পবিত্রজনদের কাছে একবার চিরকালের মত সম্প্রদান-করা সেই বিশ্বাসের
প্রসঙ্গে। [৪] কেননা তোমাদের মধ্যে এমন কয়েকজন ভক্তিহীন মানুষ গোপনে গোপনে অনুপ্রবেশ
করেছে,—এই বিষয়ে দণ্ডের পাত্র হবার জন্য তারা তো বহুদিন থেকেই চিহ্নিত—যারা আমাদের
ঈশ্বরের অনুগ্রহকে যৌন উচ্ছৃঙ্খলতায় বিকৃত করে, এবং আমাদের একমাত্র অধিপতি ও প্রভু
যীশুখ্রীষ্টকে অস্বীকার করে।

[৫] এখন, যদিও তোমরা এই সবকিছু ভালই জান, তবু আমি তোমাদের মনে করিয়ে দিতে চাই যে,
প্রভু মিশর দেশ থেকে জনগণকে ত্রাণ করে পরবর্তীতে কিন্তু, যারা বিশ্বাস করতে অসম্মত ছিল,
তাদের ধ্বংস করেছিলেন। [৬] আর যে স্বর্গদূতেরা তাদের দেওয়া অধিকার রক্ষা না করে বরং তাদের
নির্ধারিত এলাকা ত্যাগ করেছিল, তাদের তিনি মহাদিনের সেই বিচারের জন্য ঘোর অন্ধকারের
গভীরে চিরশৃঙ্খলে আবদ্ধ করে রেখেছেন। [৭] সদোম, গমোরা আর আশেপাশের শহরগুলোও
পথভ্রষ্ট হয়ে একই প্রকারে যৌন উচ্ছৃঙ্খলতা ও বিকৃত যৌন সংসর্গে লিপ্ত হয়েছিল; এখন তারা
চিরন্তন অগ্নিদণ্ড ভোগ করতে করতে আমাদের চোখের সামনে দৃষ্টান্ত হয়ে দাঁড়াচ্ছে।

[৮] তা সত্ত্বেও এই লোকেরা সেইসব কিছু করে চলছে: তাদের নিজেদের মরীচিকায় চালিত হয়ে
তারা দেহকে কলুষিত করে, কর্তৃত্বকে অমান্য করে, এবং গৌরবের পাত্র যাঁরা, তাঁদের নিন্দা করে।
[৯] কিন্তু মহাদূত মিখায়েল, যখন মোশীর মৃতদেহের বিষয়ে দিয়াবলের সঙ্গে বাদানুবাদ করলেন,
তখন তার বিরুদ্ধে অভিযোগ তুলতে গিয়ে নিন্দাজনক কথা প্রয়োগ করতে সাহস করলেন না, তিনি
বললেন, '*প্রভু তোমাকে তিরস্কার করুন।*' [১০] কিন্তু এই লোকেরা যা বোঝে না, তা-ই নিন্দা করে;
এবং বুদ্ধিহীন প্রাণীর মত যা কিছু স্বভাবতই বোঝে, সেই সব কিছু তাদের বিনাশের কারণ হয়ে
দাঁড়াবে। [১১] তাদের ধিক্! কারণ তারা কাইনের পথ ধরেছে, অর্থের লোভে বালায়ামের ভুলভ্রান্তির
জালে পা বাড়িয়েছে, এবং কোরাহ্‌র একই বিদ্রোহে বিনষ্ট হয়েছে। [১২] তারা তোমাদের
প্রীতিভোজের কলঙ্ক: সকলের মধ্যে বসে নির্লজ্জ হয়ে পেট ভরায়, কেবল নিজেদেরই লালন-পালন
করে; তারা বাতাসে ভেসে যাওয়া জলহীন মেঘের মত; ফসলের সময়ে ফলহীন গাছের মত—
দু'বারই মৃত গাছের মত, শিকড় উপড়ে ফেলা গাছের মত! [১৩] তারা সমুদ্রের এমন উৎক্ষিপ্ত
ঢেউয়ের মত, যা নিজ নির্লজ্জতার ফেনা ছড়িয়ে ফেলে; তারা লক্ষ্যহীন ভাবে ভ্রাম্যমাণ জ্যোতিষ্কের
মত, যেগুলোর জন্য ঘোরতম অন্ধকার চিরকালের মত সঞ্চিত আছে।

[১৪] ওদের লক্ষ ক'রে আদমবংশের সপ্তম প্রজন্মের মানুষ এনোখও ভবিষ্যদ্বাণী দিয়ে বলেছিলেন,

‘দেখ, নিজ লক্ষ লক্ষ পবিত্রজনদের সঙ্গে নিয়ে প্রভু এলেন: [১৫] তিনি সকলের বিচার করেন;
ভক্তিহীন সকল মানুষ ভক্তিহীনতা দেখিয়ে যা কিছু অধর্ম করেছে, এবং ভক্তিহীন যত পাপী মানুষ
তাঁর বিরুদ্ধে যা কিছু অপমানজনক কথা উচ্চারণ করেছে, সেই সবকিছুর জন্য তাদের বিষয়ে রায়
দেবেন।’ [১৬] ওরা অসন্তোষ ভরে পরের মন উত্তেজিত করে, নিজেদের কামনা-বাসনার পিছনে
ছোটে; ওদের মুখ দম্ভের কথায় পরিপূর্ণ; ওরা স্বার্থের জন্য পরের তোষামোদ করে।

বিবিধ বাণী

[১৭] কিন্তু, প্রিয়জনেরা, আমাদের প্রভু যীশুখ্রীষ্টের প্রেরিতদূতেরা যে সকল কথা আগে থেকে
বলেছিলেন, তোমরা তা মনে রেখ; [১৮] তাঁরা তোমাদের বলতেন, ‘অন্তিমকালে এমন বিদ্রূপকারী
মানুষের উদ্ভব হবে, যারা তাদের নিজেদের ভক্তিবিরুদ্ধ দুর্মতি অনুসারে চলবে।’ [১৯] তারাই তো
বিভেদ ঘটায়—পার্থিব মনের মানুষ; আত্মাবিহীন মানুষ!

[২০] কিন্তু, প্রিয়জনেরা, তোমরা তোমাদের পরম পবিত্র বিশ্বাসের উপরে নিজেদের গেঁথে তোল,
পবিত্র আত্মার প্রেরণায়ই প্রার্থনা কর, [২১] ঈশ্বরের ভালবাসায় নিজেদের রক্ষা কর, এবং অনন্ত
জীবনলাভের জন্য আমাদের প্রভু যীশুখ্রীষ্টের দয়ার প্রতীক্ষায় থাক। [২২] এমন কয়েকজনের প্রতি—
যারা টলমান—তোমরা মমতা দেখাও; [২৩] অন্যজনকে তোমরা আগুন থেকে টেনে বের করে
বাঁচাও; আবার অন্যজনদের প্রতি মমতা দেখাও, কিন্তু ভয়ের সঙ্গে!—তাদের দেহলালসায়
কলঙ্কিত পোশাকও ঘৃণা কর।

স্তুতিবাদ

[২৪] যিনি হোঁচট খাওয়া থেকে তোমাদের রক্ষা করতে ও নিজের গৌরবের সাক্ষাতে অনিন্দনীয়
অবস্থায় আনন্দের মধ্যে নিয়ে আসতে সক্ষম, [২৫] অনন্য ঈশ্বর আমাদের ত্রাণকর্তা যিনি, আমাদের
প্রভু যীশুখ্রীষ্ট দ্বারা তাঁরই গৌরব, মহিমা, প্রতাপ ও কর্তৃত্ব হোক সর্বকালের আগে, এখন ও সর্বকাল
ধরে। আমেন।